# বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

## সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

## (ফেনী জেলার জন্য)

**বুলেটিন নং ৯৮**
**প্রকাশের তারিখ: ২২/০৭/২০২৫**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের বিশেষ বার্তা (২১.০৭.২০২৫) অনুযায়ী আগামী ২৪ থেকে ২৬ জুলাই ফেনী জেলার মুহুরি ও সেলোনিয়া নদীসমূহের পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে এবং ফেনী জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

১। জলাবদ্ধতা পরিহারের জন্য আমন বীজতলার চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
২। বন্যার কারণে যদি পাটের জমিতে জলাবদ্ধতার সৃষ্টি হয় এবং সেটা ২/৩ দিনের মধ্যে নিষ্কাশনের সম্ভাবনা না থাকে সে ক্ষেত্রে যত দ্রুত সম্ভাব কর্তনযোগ্য পাট কেটে পানিতে জাগ দিতে হবে।
৩। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
৪। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন।
৫। সকল খামারজাত পণ্য শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
৬। কলাসহ অন্যান্য ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।
৭। গবাদি পশু ও হাসমুরগী উঁচু জায়গায় স্থানান্তর করুন।

২২/০৭/২০২৫
(উর্মী আহসান)
উপপরিচালক
বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা